মেহেরপুর পিতা পুত্রসহ ৫ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলার ৫ পলাতক আসামি গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতরা হলেন, মারামারির অভিযোগে দায়ের করা মামলা নং ১২, তারিখ ০৯/১২/২০২২, এর আসামি মেহেরপুর সদর উপজেলার আমঝুপি উত্তরপাড়া এলাকার নাজের উদ্দীনের ছেলে মজিরুদ্দীন(৫৪), তার ছেলে ইসমাইল হোসেন(৩০), ফয়সাল হোসেন(২৫), একই গ্রামের কোরবান আলীর ছেলে জিয়া শেখ(২৮)। এছাড়া মাদক মামলা নং ১৩, তারিখ ০৯/১১/২০২২ এর আসামি মেহেরপুর শহরের আকবর আলী ওরফে বাবুর ছেলে আরিফুল ইসলাম(৩২)।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) রফিকুল ইসলামের নির্দেশে থানার একাধিক টিম বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার ভোররাত পর্যন্ত পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বৃহস্পতিবার (১০ নভেম্বর) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ২ বছরের সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় আদালত কর্তৃক ২ বছরের সাজাপ্রাপ্ত আসামি জিয়া (৪৮)কে গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (১০ নভেম্বর) ভোররাতের দিকে সদর উপজেলার আমঝুপি

গ্রামে তার ভগ্নিপতি লাল্টু মিয়ার বাড়িতে অভিযান চালিয়ে জিয়াকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত জিয়া মেহেরপুর শহরের ফৌজদারীপাড়া এলাকার গোলাম শেখের ছেলে।

মেহেরপুর সদর থানার সহকারী উপপরিদর্শক (এএসআই)শাকিল খান সঙ্গীয়ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের করা হেরোইন বিক্রি অভিযোগে ৫৯/১৬ এসসি মামলায় আদালত ২ বছরের সাজা প্রদান করেন।

এসময় সে পলাতক ছিল। তারপর থেকে পুলিশের গ্রেফতার এড়াতে পালিয়ে বেড়াচ্ছিল সে।

গোপন সংবাদের ভিত্ত্বিতে অভিযান চালিয়ে পুলিশ তাকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত জিয়াকে আদালতে নিলে বিজ্ঞ বিচারক তাকে জেল হাজতে প্রেরণের নির্দেশ দেন।

মেহেরপুরে সুন্দর হস্তাক্ষর প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ

মেহেরপুরে কাব স্কাউটদের সুন্দর হস্তাক্ষর প্রতিযোগীতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ স্কাউটের আর্টস অ্যান্ড ডিজাইন বিভাগের ব্যবস্থাপনায় বৃহস্পতিবার (১০ নভেম্বর) সকাল ১১ টার সময় মেহেরপুর কবি নজরুল শিক্ষা মঞ্জিলে এ প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগীতার উদ্বোধন করেন বাংলাদেশ স্কাউট ঢাকা সদর দপ্তরের উপ-পরিচালক মতুরাম চৌধুরী।

এসময় বিশেষ অতিথি ছিলেন খুলনা অঞ্চলের সহকারী পরিচালক দয়াময়

হালদার।

কাব স্কাউটের মেহেরপুর জেলা সম্পাদক শরিফুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, কাব স্কাউটের সদর উপজেলা গ্রুপ সভাপতি আবু লায়েছ লাবলু, সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান, মুজিবনগর উপজেলার কমিশনার রুত ছবি বিশ্বাস, মুজিবনগর উপজেলা কাপ লিডার ফারুক হোসেন, মেহেরপুর সদর উপজেলা কাপ লিডার মিনারুল ইসলাম, ইউনিট লিডার নুরজাহান, লায়লা ফেরদৌস, শাহাজাহান প্রমুখ।

কাব স্কাউট মেহেরপুর জেলা শাখার পরিচালনায় অনুষ্ঠিত কাব স্কাউটদের সুন্দর হস্তাক্ষর প্রতিযোগিতায় জেলার ৪৫ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করে।

প্রতিযোগীতায় প্রথম ১০ জন বিজয়ীকে ১০ টি মেগা পুরস্কার, সনদপত্র ও ৩৫ টি শান্তনা পুরস্কার এবং সনদপত্র প্রদান করা হয়।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি পন্থি জাতীয়তাবাদি আইনজীবী ফোরাম তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মনোনয়নপত্র জমাদানের শেষ দিন বুধবার (৯ নভেম্বর) দুপুরের দিকে নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার এডভোকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের অ্যাডভোকেট কামরুল হাসান-সাদ্দাম প্যানেলে মনোনয়নপত্র জমা দেন সভাপতি পদে অ্যাডভোকেট কামরুল হাসান, সাধারণ সম্পাদক পদে অ্যাডভোকেট এএসএম সাইদুর রাজ্জাক, সহ-সভাপতি পদে অ্যাডভোকেট রফিকুল ইসলাম, অ্যাডভোকেট আহসান মাহবুবুর রহমান, যুগ্ম সম্পাদক পদে অ্যাডভোকেট রফিকুল ইসলাম, অ্যাডভোকেট আরিফুজ্জামান, কোষাধক্ষ্য পদে অ্যাডভোকেট এহান

উদ্দিন মনা, গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে অ্যাডভোকেট সাইফুল ইসলাম সাহেব, এছাড়াও নির্বাহী সদস্য পদে অ্যাডভোকেট মোখলেছুর রহমান খান স্বপন, অ্যাডভোকেট শফিউল আজম খান বকুল, অ্যাডভোকেট সেলিম রেজা গাজী, অ্যাডভোকেট সাইদুর রহমান রিপন, অ্যাডভোকেট সেলিম রেজা কল্লোল, অ্যাডভোকেট খুরশিদা খাতুন এবং অ্যাডভোকেট সেলিম রেজা।

এসময় অন্যদের মধ্যে মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বর্তমান সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, অ্যাডভোকেট আনোয়ার হোসেন, সহ প্যানেলের অন্যান্য সদস্য গণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচনে ১৫ টি পদে ১২৬ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

আওয়ামী আইনজীবী পরিষদের মনোনয়নপত্র জমা

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আওয়ামী আইনজীবী পরিষদ মনোনয়নপত্র জমা দিয়েছেন।

মনোনয়নপত্র জমাদানের শেষ দিনে বুধবার (৯ নভেম্বর) দুপুরে আওয়ামী আইনজীবী পরিষদ প্যানেল তাদের মনোনয়নপত্র জমা দেন।

সভাপতি সাবেক সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, সাধারণ সম্পাদক পদে অ্যাডভাকেট খ ম হারুন ইমতিয়াজ বিন জুয়েল, সহসভাপতি পদে অ্যাডভাকেট নজরুল ইসলাম, অ্যাডভাকেট গোলাম মোস্তফা, যুগ্ম সাধারণ সম্পাদক পদে অ্যাডভাকেট কেএম নুরুল হাসান রঞ্জু, অ্যাডভাকেট শাহরিয়ার মাহমুদ শাওন, কোষাধ্যক্ষ পদে অ্যাডভাকেট রোকেয়া খাতুন, গ্রন্থগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে অ্যাডভাকেট নুর জামাল।

এছাড়া নির্বাহী সদস্য পদে অ্যাডভাকেট সাইফুল ইসলাম, অ্যাডভাকেট মোশাররফ হোসেন, অ্যাডভাকেট রুথ শোভা মন্ডল, অ্যাডভাকেট

মিরাজুল ইসলাম, অ্যাডভাকেট আবুল হাসেম, অ্যাডভাকেট ফয়সাল নাসরুল্লাহ কনক এবং অ্যাডভাকেট রফিকুল ইসলাম রুবেল।

নির্বাচন কমিশনের দায়ীত্বপ্রাপ্ত প্রধান নির্বাচন কমিশনার অ্যাডভাকেট বিমল কুমার বিশ্বাসের কাছে মনোনয়নপত্র জমা দেন। এসময় অন্যদের মধ্যে খন্দকার একরামুল হক হীরা, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভাকেট পল্লব ভট্টচার্য, অ্যাডভাকেট একেএম শফিকুল আলম, অ্যাডভাকেট ইব্রাহিম শাহিন, অ্যাডভাকেট ইয়ারুল ইসলাম, খন্দকার আব্দুল মতিনসহ আওয়ামী আইনজীবী পরিষদের নেতৃবৃন্দ ও সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচনে ১৫ টি পদে ১২৬ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। আগামী ২৫ নভেম্বর মেহেরপুর জেলা আইনজীবী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

আলমডাঙ্গার বড় গাংনীতে বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

আলমডাঙ্গার বড় গাংনি গ্রামে জমিতে পানি দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জুয়েল (২৪) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। বুধবার বিকেলে নিজ জমিতে পানি দিতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এ দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়রা উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। বিদ্যুৎস্পৃষ্টে মৃত যুবক উপজেলার বড়-গাংনী গ্রামের রহমান আলীর ছেলে জুয়েল হোসেন (২৪)।

স্থানীয় সূত্রে জানা যায়, আলমডাঙ্গা উপজেলার গাংনী ইউনিয়নের বড়-গাংনী গ্রামের জুয়েল হোসেন প্রতিদিনের ন্যায় মাঠে ধানে পানি দিতে যায়। বৈদ্যুতিক মোটরের সাহায্যে পানি দিতে গেলে অসাবধানতায় বিদ্যুতের তার ছিড়ে পানিতে পড়ে যায়। তার ছিড়ে বিদ্যুতায়িত হয়ে থাকা পানি স্পর্শ করলে সে বিদ্যুৎস্পৃষ্টে গুরুতর আহত হয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

পিএইচডি ডিগ্রী লাভ করেছেন মেহেরপুরের মেয়ে ড. সামিরা সুলতানা

আমেরিকার তিন্নীসি বিশ্ববিদ্যালয় থেকে মলিকুলার জেনিটিকস বিষয়ে পিএইচডি ডিগ্রী লাভ করেছেন মেহেরপুরের মেয়ে ড. সামিরা সুলতানা।

ড. সামিরা সুলতানা মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার গোপালপুর গ্রামের মো: শহিদুল ইসলামের মেয়ে। গ্রামীণ পরিবেশে বেড়ে ওঠা ড. সামিরা সুলতানা যাদুখালি স্কুল এন্ড কলেজ থেকে এসএসসি পাশ করেন।

এরপর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় থেকে কৃতিত্বের সাথে লেখাপড়া শেষ করে চলে যান আমেরিকাতে। আমেরিকার তিন্নীসি বিশ্ববিদ্যালয় থেকে সে পিএইচডি ডিগ্রী লাভ করে জেলাবাসিকে গর্বিত করেছেন এই কৃতি শিক্ষার্থী। ড. সামিরা সুলতানার পিএইচডি ডিগ্রী লাভ করায় মেহেরপুর প্রতিদিন পরিবার তার সাফল্য কামনা করেছে।

মেহেরপুর জেলা ও দায়রা জজকে সংবর্ধণা

মেহেরপুরের নবাগত জেলা ও দায়রা জজ মোঃ শহীদুল্লাহকে সংবর্ধনা দিয়েছে মেহেরপুর জেলা আইনজীবী সমিতি। বুধবার (৯ নভেম্বর) সকাল মেহেরপুর জেলা আইনজীবী ভবন মিলনায়তনে এই সংবর্ধনা দেওয়া হয়।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি মারুফ আহমেদ বিজনের সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সংবর্ধিত জেলা জজ মোঃ শহীদুল্লাহ।

জেলা আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক এ কে এম জিল্লুর রহমানের সঞ্চালনায় সংবর্ধনা অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা জজ রিপতি কুমার বিশ্বাস, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বক্কর সিদ্দিক, প্রবীন আইনজীবী খন্দকার একরামুল হক হীরা, মেহেরপুর জজ কোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আনোয়ার ইব্রাহীম, আসাদুল আজম খোকন প্রমুখ।

অনুষ্ঠানে পৌছানো মাত্রই জেলা ও দায়রা জজ মোঃ শহীদুল্লাহকে ফুলেল শুভেচ্ছা জানান তারা।

দর্শনার বাড়াদী গ্রামে সাপে কামড়ে স্কুলছাত্রের মৃত্য

দর্শনার কামারপাড়া গ্রামে সাপের কামড়ে এক স্কুল ছাত্রের মৃত্য হয়েছে।জানাগেছে গত মঙ্গলবার দুপুরে মাঠে ঘাস কাটতে গেলে তার পায়ে সাপে কামড় দেয়।সাথে সাথে বাড়িতে এসে বললে কবিরাজের খবর দেয়।কবিরাজ চিকিৎসা দিয়ে কাজ না হওয়ায় সদর হাসপাতালে নিতে বলে।পরে পরিবারের লোকজন কোন উপায়ন্ত না পেয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়।

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কামারপাড়া বাড়াদী গ্রামের কারিমুল ইসলাম (১৬) রাস্তার ভিতরে মারা যায় বলে কর্তবরত চিকিৎসক জানায়। তাকে স্বাস্থ্যসেবা কেন্দ্রে না নিয়ে দুদিন ধরে বাড়িতেই ঝাড়ফুঁক করেন দাদা আব্দুল কাদের। অবস্থার অবনতি হলে বুধবার (৯ অক্টোবর) দুপুরে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক কারিমুলকে মৃত ঘোষণা করেন।

সে দামুড়হুদা উপজেলার পারকৃঞ্চপুর মদনা ইউনিয়নের বারাদি গ্রামের কামারপাড়ার তরিকুল ইসলামের ছেলে। সে একই গ্রামের কামারপাড়া বাড়াদী গ্রামের বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্র ছিলেন।

মৃত স্কুলছাত্রের মা কুলছুম বেগম বলেন, কারিমুল সোমবার দুপুরে মাঠে খেলাধুলা করছিল। এ সময় বিষধর সাপে তার পায়ে কামড় দেয়। আমরা গরীব মানুষ তাই সাথে সাথে হাসপাতালে নিতে পারিনি। পরে আমার চাচা শ্বশুর আব্দুল কাদের ছেলেকে সুস্থ করে দেবে বলে দু’দিন ধরে বাড়িতেই ঝাড়ফুক করেন। ছেলের পায়ে ক্ষতস্থানে ব্লেড দিয়ে কেটে বিষ বের করার চেষ্টা করেন তিনি।

আজ সকালে ছেলের শারীরিক অবস্থা খারাপ হলে শ্বশুর হাসপাতালে নেয়ার পরামর্শ দেন। আমরা সেখান থেকে আরেক কবিরাজের কাছে নেই। তিনিও সদর হাসপাতালে নিতে বলেন। বেলা আড়াইটার দিকে হাসপাতালে জরুরি বিভাগে নিয়ে গেলে ডাক্তার ছেলেকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাদিয়া মা আরিজ বলেন, পরীক্ষা-নিরীক্ষার পর কারিমুল ইসলামকে মৃত ঘোষণা করা হয়। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

দর্শনা থানা পুলিশের ওসি (তদন্ত) এ এস আমানল্লাহ আমান বলেন, সাপের কামড়ে এক স্কুলছাত্রের মৃত্যু হয়েছে বলে জেনেছি। মূলত সচেতনার অভাবে তার মৃত্যু হয়েছে। ঘটনার দিনই যদি হাসপাতালে নিয়ে যেত, হয়তো বাঁচার সম্ভাবনা ছিল। নিহতের পরিবার অভিযোগ করলে তদন্ত সাপেক্ষে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানি অনুষ্ঠিত

দামুড়হুদায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক গণশুনানী অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের হলরুমে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে গণশুনানি অনুষ্ঠিত হয়।

এসপিপিএস প্রকল্পের আওতায় দি এশিয়া ফাউন্ডেশনের সহযোগিতায় সামাজিক সুরক্ষা কর্মসূচি বিষয়ক “গণশুনানিতে সভাপতিত্ব করেন